

জ্ঞানমূলকঃ

১. পল্লি গ্রামের কোন বিষয়গুলো শহরের অভাব পূর্ণ করে?
২. পল্লিতে কীভাবে সাহিত্য ছড়িয়ে আছে?
৩. কে কী সংগ্রহ করে দেখিয়ে দিয়েছেন যে পল্লির কোনে সাহিত্যের খনি লুকিয়ে রয়েছে?
৪. রোঁমা রোঁলা কে?
৫. রোঁমা রোঁলা কার সৌন্দর্যে মুগ্ধ হয়েছিলেন?
৬. ফোকলোর সোসাইটি কী?
৭. ঠাকুরমার ঝুলির সংগ্রাহক কে?
৮. আমাদের সাহিত্যের কত আনা পল্লিসাহিত্য?
৯. নাগরিক সাহিত্য বলতে কী বোঝায়?
১০. বিশ্বকবির ওপর প্রাবন্ধিকের কী অভিযোগ ছিল?
১১. মানুষের উৎপত্তি ও বিকাশ-সংক্রান্ত বিজ্ঞান কোনটি?
১২. 'মৈমনসিংহ গীতিকা' কার সম্পাদনায় প্রকাশিত হয়?
১৩. ফোকলোর কথাটির উদ্ভাবক কে?
১৪. পল্লিসাহিত্য কাকে বলে?
১৫. সরস প্রাণের জীবন্ত উৎস কোনটি?
১৬. মনসুর বয়াতি কে?
১৭. 'দেওয়ানা-মদিনা' লোকগাঁথার নায়িকার নাম কী?
১৮. পল্লিসাহিত্য কী কারণে বিস্মৃতির অতল গর্ভে হারিয়ে যাচ্ছে?
১৯. বালাম কী?
২০. রোঁমা রোঁলা কোন দেশের ?

সৃজনশীল

পঞ্চম 'ই. বি. এল.-এস. জি. এইচ.এস'- জাতীয় বিতর্ক উৎসবের সমাপনী অনুষ্ঠানে ঢাকা ও ঢাকার বাইরের বিশটি স্কুলের শিক্ষার্থীসহ সেন্ট গ্রেগীরর শিক্ষার্থীরা ব্যান্ডের তালে তালে উদ্বেলিত হয়। আত্মহারা শিক্ষার্থীদের এ বাঁধভাঙা উন্মাদনা দেখে রাজশাহী জেলা স্কুল থেকে আসা প্রবীণ শিক্ষক মি. সন্তোষ ঘোষ খেদ করে আশুতোষ সাহা স্যারকে বললেন, 'হায়! এ সব কী? বাংলার চিরায়ত মনোহর প্রাণের গান কোথায়? এতো গান নয়, অপসংস্কৃতি।' আশুতোষ স্যার বললেন, 'অপসংস্কৃতির করাল গ্রাসে হারিয়ে যেতে বসেছে বাংলার লোক সংস্কৃতি ও লোক সাহিত্য।'

- ক. ডক্টর মুহম্মদ শহীদুল্লাহর মতে, কী সে প্রেম, আনন্দ, সৌন্দর্য ও তত্ত্ব জ্ঞান ওতপ্রোতভাবে জড়িয়ে আছে?
- খ. 'এগুলি সরস প্রাণের জীবন্ত উৎস'- বলতে কী বোঝানো হয়েছে?
- গ. মি. সন্তোষ ঘোষের কথায় 'পল্লী সাহিত্য' প্রবন্ধের যে দিকটি প্রকাশ পেয়েছে তা বর্ণনা কর।
- ঘ. আশুতোষ স্যার চিহ্নিত কারণ ছাড়া লোকসাহিত্য হারিয়ে যাবার আর কোনো কারণ আছে কি? তোমার মতের পক্ষে যুক্তি দাও।